অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/26/2022 **গভর্নর ক্যাথি হোকল**

দীর্ঘ সময় ধরে পড়ে থাকা কোভিড-19 এ আক্রান্ত কর্মীদের ক্ষতিপূরণের দাবির ব্যাপারে সাহায্য করতে গভর্নর হোকলের নতুন সংস্থান নিযুক্ত করার ঘোষণা

নিউ ইয়র্ক স্টেট ওয়ার্কার্স কমপেনসেশন বোর্ড কর্মীদেরকে তাদের অধিকার সম্পর্কে অবহিত করার জন্য বিনামূল্যে ওয়েবিনার সিরিজ ও ওয়েবপেইজ চালু করেছে, যা দাবি জমা দেওয়ার ব্যাপারে সাহায্য করবে

মহামারীর প্রাথমিক পর্যায়ে যারা সংক্রমিত হয়েছিলেন তাদের দাবি জমা দেওয়ার সময়সীমা শেষ হয়ে আসছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে যেসব কর্মী তাদের কর্মস্থলে সংস্পর্শে আসার ফলে কোভিড-19 আক্রান্ত হয়েছেন বলে বিশ্বাস করেন, বিশেষ করে যার দীর্ঘ সময় ধরে উপসর্গগুলোয় ভুগছেন তাদের সাহায্য করার উদ্দেশ্যে নিউ ইয়র্ক স্টেট নতুন, অনলাইন শিক্ষার সুযোগ প্রদান করতে যাচ্ছে। নিউ ইয়র্ক স্টেটের ওয়ার্কার্স কমপেনসেশন বোর্ড (Workers' Compensation Board)-এর মাধ্যমে অফার করা এই নতুন ওয়েবিনার সিরিজ কর্মীদের ক্ষতিপূরণের দাবি জমা দেওয়া এবং তারা যে নগদ অর্থ এবং/অথবা মেডিকেল সুবিধা পাওয়ার জন্য উপযুক্ত হতে পারেন সে বিষয়ে কর্মীদের অধিকারগুলো সম্পর্কে তথ্য প্রদান করবে।

"আমাদের স্টেটে কোভিড-19 এর প্রথম কেস নিশ্চিত হওয়ার পরে প্রায় দুই বছর সময় অতিবাহিত হয়ে গেছে, এবং বহু কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসী এখনো কোভিড-19 এর দীর্ঘমেয়াদী উপসর্গগুলোয় ভুগছেন যা তাদের স্বাস্থ্য, সুস্থতা, এবং নিজেদেরকে ও তাদের পরিবারকে সহায়তা করার সক্ষমতাকে ক্ষতিকরভাবে প্রভাবিত করছে," **বলেছেন গভর্নর হোকল।** "এই ভয়ঙ্কর ভাইরাসের দীর্ঘমেয়াদী প্রভাবে ভুগতে থাকা ব্যক্তিদের নিজেদের অধিকার বুঝতে পারার এবং কর্মীদের ক্ষতিপূরণের দাবি জমা দেওয়ার ক্ষেত্রে সহায়তা পাওয়ার অধিকার রয়েছে। এসব অনলাইন সংস্থান চালু করার মাধ্যমে আমরা এটা নিশ্চিত করতে পারবো যে ঝুঁকি নিয়েও যাদেরকে কাজ করতে হয়েছিল তারা পর্যাপ্ত মেডিকেল চিকিৎসা এবং তাদের প্রাপ্য হারানো বেতন উভয়টি পেতে পারবেন।"

কাজের সাথে সম্পর্কিত কারণে আহত হওয়া বা অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য আহত হওয়া বা অসুস্থ হওয়ার তারিখ থেকে কর্মীদের ক্ষতিপূরণের দাবি জমা দেওয়ার জন্য দুই বছর সময় রয়েছে, তাই মহামারীর শুরুর দিনগুলোতে তাদের কর্মসংস্থানের কারণে যারা কোভিড-19

এ আক্রান্ত হয়েছিলেন সেসব কর্মীর জন্য সময়সীমা প্রায় শেষের দিকে। দাবি জমা দেওয়া গুরুত্বপূর্ণ কারণ একটি প্রতিষ্ঠিত দাবিতে থাকা কর্মীদের ক্ষতিপূরণের মধ্যে কাজ সম্পর্কিত আহত অবস্থা বা অসুস্থতার চিকিৎসার জন্য আজীবন মেডিকেল সেবা প্রদান অন্তর্ভুক্ত রয়েছে। এমনকি কোভিড-19 এর পরে ভালো হয়ে গেছেন এমন কর্মীরাও, তাদের কখনো প্রয়োজন হলে, এসব মেডিকেল সুবিধা পাওয়ার জন্য তাদের ভবিষ্যত অধিকারসমূহ রক্ষার্থে দাবি জমা দিতে পারবেন। কর্মীদের জেনে রাখা উচিত যে, যদিও সব দাবি গৃহীত হবে না, দাবি জমা দেওয়ায় কোনো ঝুঁকি বা ক্ষতি নেই, এমনকি সেটি প্রত্যাখ্যাত হলেও।

- 23 ফেব্রুয়ারি 2022: দুপুর - 1 p.m.
- 9 মার্চ 2022: দুপুর - 1 p.m.
- 13 এপ্রিল 2022: দুপুর - 1 p.m.

এসব ওয়েবিনার বিনামূল্যে পরিচালনা করা হবে এবং জনসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। অংশগ্রহণকারীদেরকে আগে থেকে নিবন্ধন করতে হবে না, এবং উপরের লিংক ব্যবহার করে সেশনে যোগ দিতে পারবেন, যেটি wcb.ny.gov/covid-19 ঠিকানায় বোর্ডের নির্ধারিত কোভিড-19 ওয়েবপেইজের মাধ্যমেও অ্যাক্সেসযোগ্য থাকবে।

নিউ ইয়র্ক স্টেটের ওয়ার্কার্স কমপেনসেশন বোর্ডের সভাপতি ক্ল্যারিসা এম. রডরিগেজ বলেন, "বোর্ডের তরফ থেকে আমরা কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদেরকে সাহায্য করতে পেরে গর্বিত যারা কাজের সাথে সম্পর্কিত কোভিড-19 এর জটিলতা থেকে সেরে উঠা এবং যেকোনো চলমান প্রভাব সহ্য করার সময়ে তাদের প্রাপ্য প্রতিটি সুবিধা পাওয়ার অধিকার রাখেন। আমরা নিশ্চিত করতে চাই প্রত্যেকেই যাতে তাদের অধিকার সম্পর্কে সচেতন থাকেন যাতে তারা এখন ও ভবিষ্যতে তাদের হারিয়ে ফেলা মজুরি সংক্রান্ত বেনিফিট ও প্রয়োজনীয় মেডিকেল সেবা পেতে পারেন।"

নিউ ইয়র্ক স্টেটের AFL-CIO-এর প্রেসিডেন্ট মারিও সিলেন্টো বলেন, "কর্মজীবী নিউ ইয়র্কবাসীরা এই মহামারী চলাকালীন পুরো সময়ে নিজেদেরকে ঝুঁকির মুখে ফেলেছেন। কর্মস্থলে কোভিড-19 এর সংস্পর্শে আসা কর্মীরা যাতে তাদের প্রয়োজনীয়, প্রাপ্য, এবং আইন দ্বারা নিশ্চয়তাপ্রাপ্ত সুবিধা ও সেবা পান সেটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়। যেসব কর্মী কর্মস্থলে কোভিড-19 এ আক্রান্ত হয়েছেন বলে বিশ্বাস করেন তাদের প্রত্যেককে ওয়ার্কার্স কমপেনসেশন বোর্ডে একটি দাবি জমা দেওয়ার জন্য আমরা উৎসাহিত করছি। এই গুরুত্বপূর্ণ বিষয়টি নিয়ে কাজ করার জন্য আমরা গভর্নর হোকল ও বোর্ডকে ধন্যবাদ জানাই।"

যদিও অনলাইন সেশনগুলোতে সেসব কর্মীদের টার্গেট করা হচ্ছে যারা কর্মঘণ্টা হারিয়েছেন, চলমান মেডিকেল সমস্যায় ভুগছেন এবং/অথবা "দীর্ঘ সময় ধরে ভুক্তভোগী" শ্রেণিতে পড়েন, এই তথ্য কর্মস্থলে কোভিড-19 এর সংস্পর্শে এসেছেন বলে বিশ্বাস করেন এমন যেকোনো ব্যক্তির জন্য প্রাসঙ্গিক হবে।

ওয়েবিনার সম্পর্কিত তথ্যের পাশাপাশি কর্মী, নিয়োগকর্তা, ও বিমা ক্যারিয়ারগুলোর জন্য নতুন তথ্যপত্র এবং কোভিড-19 সংক্রান্ত অন্যান্য সংস্থান বোর্ডের কোভিড-19 এর জন্য নির্ধারিত ওয়েবপেইজে পাওয়া যাবে। সেইসাথে, (877) 632-4996 নম্বরে NYS ওয়ার্কার্স কমপেনসেশন বোর্ডে ফোন করে কোভিড-19 এর জন্য দাবি জমা দেওয়া সংক্রান্ত তথ্য ও সহায়তা পাওয়া যাবে।

আহত বা অসুস্থ কর্মীরা যদি দাবির প্রক্রিয়া সম্পর্কে তথ্য পেতে বাধা বা প্রতিবন্ধকতার সম্মুখীন হন অথবা তাদেরকে দাবি জমা দেওয়া থেকে নিরুৎসাহিত করা হয় তাহলে সে ব্যাপারে বোর্ডকে জানানোর জন্য তাদেরকে উৎসাহিত করা হচ্ছে। এধরনের কর্মীরা সহায়তার জন্য এই ঠিকানায় ইমেইল পাঠাতে পারেন: AdvInjWkr@wcb.ny.gov।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418